জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জামালপুর-২০১২, বাংলাদেশ

Web: jstu.ac.bd



স্মারক নং: ৩৭.০১.০০৪৪.০৫৫.১১.০০২.২৬.৮২৪

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

সংশোধিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

গত ১৭ অক্টোবর ২০২৬ তারিখে ৩৭.০১.০০৪৪.০৫৫.১১.০০২.২৬.৭৩২ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত স্থায়ী পদসমূহ পূরণের জন্য আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আগামী ১১ নভেম্বর ২০২৬ থেকে ১৯ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে (https://jstu.ac.bd/jobs/) পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	বিভাগ/বিষয়	পদের নাম ও গ্রেড	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল-২০২৬ (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬-এ শর্ত মোতাবেক কার্যকর হবে
১	ফিশারিজ বিভাগ	সহকারী অধ্যাপক, গ্রেড-৬	১	৭১০০০ - ১৩৪০০০/-
২		প্রভাষক, গ্রেড-৯	১	৪৪০০০ - ১০৫৯০০/-
৩	বাংলাদেশ স্টাডিজ	সহকারী অধ্যাপক, গ্রেড-৬	১	৭১০০০ - ১৩৪০০০/-
৪	ইইই বিভাগ	প্রভাষক, গ্রেড-৯	১	৪৪০০০ - ১০৫৯০০/-
৫	ব্যবস্থাপনা বিভাগ	প্রভাষক, গ্রেড-৯	১	৪৪০০০ - ১০৫৯০০/-
৬	জিওলজি বিভাগ (সহকারী অধ্যাপক পদের বিপরীতে)	প্রভাষক, গ্রেড-৯	১	৪৪০০০ - ১০৫৯০০/-
৭	হিসাববিজ্ঞান	প্রভাষক, গ্রেড-৯	১	৪৪০০০ - ১০৫৯০০/-

১। উপরে উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://jstu.ac.bd/jobs/) ক্লিক করে অনলাইনে আবেদন করতে হবে। তবে, গত ১৮ অক্টোবর ২০২৬ তারিখে দৈনিক *কালবেলা* ও *নিউএজ* পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির (স্মারক নং: ৩৭.০১.০০৪৪.০৫৫.১১.০০২.২৬.৭৩২, তারিখ: ১৭ অক্টোবর ২০২৬) আলোকে যারা আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার দরকার নেই।

২। অনলাইনে আবেদনের সময় আবেদন ফি বাবদ টাকা ২০০/- (দুইশত) মাত্র (অফেরতযোগ্য) অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে।

৩। প্রার্থীকে অনলাইনে আবেদনের সময় (i) শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (ii) কম্পিউটার লিটারেসি সার্টিফিকেট, (iii) ইংলিশ প্রফিসিয়েন্সি সার্টিফিকেট, (iv) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), (v) ট্রেনিং সার্টিফিকেট (যদি থাকে), (vi) পাবলিকেশন (যদি থাকে), (vii) কর্মরত প্রতিষ্ঠানের অনুমতিপত্র (শুধুমাত্র চাকুরীজীবীদের ক্ষেত্রে), (viii) জাতীয় পরিচয়পত্র (NID), (ix) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০ × ৩০০ পিক্সেল) এবং (x) ডিজিটাল স্বাক্ষর (দৈর্ঘ্য-৩০০ প্রস্থ-৮০ পিক্সেল) আপলোড করতে হবে।

৪। অনলাইনে আবেদন শেষ হলে স্বয়ংক্রিয়ভাবে Online application form তৈরি হবে যা A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতঃ ক্রমিক নং-৩ এ উল্লিখিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করে ০৮ (আট) সেট হার্ড কপি আগামী **২২ নভেম্বর ২০২৬ তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে। অসত্য তথ্য/তথ্য গোপন/ অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। পূর্ববর্তী এবং সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী **প্রভাষক** পদে আবেদনের সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর এবং **সহকারী অধ্যাপক** পদে আবেদনের সর্বোচ্চ বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর হতে হবে। তবে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সসীমার ঊর্ধ্বে বয়স থাকা সত্ত্বেও পূর্বে যারা আবেদন করেছেন, তাঁদের আবেদন বাবদ জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে।

৬। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে ও নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।

৭। বিদেশ হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের সনদ থাকতে হবে।

৮। পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। নিয়োগের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০/১১/২০২৬

(মো: সারওয়ার জাহান)
রেজিস্ট্রার
ফোন: ০২-২২৩৩৭৭৫০৩
ই-মেইল: registrar@jstu.ac.bd

bekarsfeed.com